রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৯, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ/৩০ সেপ্টেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩৩৩-আইন/২০১২।**—Standards of Weights and Measures Ordinance, 1982 (Ordinance No. XII of 1982) এর section 64 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ স্ট্যান্ডার্ড ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৫ এর উপ-বিধি (১) এর দফা (জ) এ উল্লিখিত "এই বিধিমালার নির্ধারিত অন্যান্য বিষয়ে সকল তথ্য বাংলায় এবং পছন্দ মোতাবেক অন্য কোন ভাষায় লিখিত হইতে হইবে ঃ" শব্দগুলি ও কোলনের পরিবর্তে "এই বিধিমালার নির্ধারিত অন্যান্য বিষয়ে সকল তথ্য বাংলায় লিখিত হইতে হইবে এবং প্রয়োজনে বাংলার পাশাপাশি অন্য কোন ভাষায়ও লেখা যাইবে ঃ" শব্দগুলি ও কোলন প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি ৩২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩২। **মোড়কজাতকারীর নিবন্ধন।**—(১) কোন মোড়কজাতকারী নিবন্ধন ব্যতিরেকে কোন পণ্য বিক্রয়, বিতরণ বা সরবরাহের উদ্দেশ্যে মোড়কজাত করিতে পারিবে না।

(২) নিবন্ধনের উদ্দেশ্যে মোড়কজাতকারীকে প্রত্যেক মোড়কজাত পণ্যের জন্য ১০০০.০০ (এক হাজার) টাকা ফিসহ পরিচালক (মেট্রোলজী) এর বরাবর তফসিল ১০ এর ফরম-ক এ আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদনপ্রাপ্তির পর পরিচালক (মেট্রোলজী) আবেদনপত্রটি যাচাই বাছাই করিয়া সরেজমিনে পরিদর্শনপূর্বক সন্তুষ্ট হইলে আবেদনকারীর অনুকূলে ০৩ (তিন) বৎসর মেয়াদকালের জন্য তফসিল-১০ এর ফরম-খ এ নিবন্ধন সনদ ইস্যু করিবেন যাহা প্রতি ০৩ (তিন) বৎসর অন্তর অন্তর নবায়নযোগ্য হইবে।

(৪) মোড়কজাতকারী উক্ত উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত সনদপত্র উপ-বিধি (২) এ বর্ণিত ফি প্রদান সাপেক্ষে ফরম ক এ নবায়নের জন্য আবেদন করিবেন।

(৫) আবেদনকারী এই বিধিমালা কার্যকর হওয়ার পূর্ব হইতে কোন পণ্য মোড়কজাতকারী হইতে এই বিধিমালা কার্যকর হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে নিবন্ধনের জন্য আবেদন করিবেন।

(৬) এই বিধিমালা কার্যকর হওয়ার পর ইতিমধ্যে কোন নিবন্ধন সনদ ইস্যু করা হইয়া থাকিলে এবং ইতিমধ্যে ০৩ (তিন) বৎসর অতিক্রান্ত হইয়া থাকিলে উহা এই বিধি কার্যকর হইবার তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে নবায়ন করিতে হইবে।

(৭) নিবন্ধন সনদপত্রে উল্লিখিত ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে, নিবন্ধিত মোড়কজাতকারী ঠিকানা পরিবর্তনের ১৫ (পনেরো) দিন পূর্বে লিখিতভাবে নূতন ঠিকানা পরিচালক (মেট্রোলজী) কে অবহিত করিবে।";

(গ) তফসিল ৯ এর পর নিম্নরূপ নূতন তফসিল ১০ সংযোজিত হইবে, যথা ঃ—

"তফসিল-১০

ফরম-ক

মোড়কজাতকারীর নিবন্ধনের জন্য আবেদন

[বিধি ৩২ দ্রষ্টব্য]

বরাবর
পরিচালক (মেট্রোলজী)
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)
১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

১। আমি/আমরা (প্রতিষ্ঠানের পূর্ণ নাম)........................................................................................ ...........................................ঠিকানায় ব্যবসারত আছি। The Standards of Weights and Measures Ordinance, 1982 (Ord. No. XII of 1982) এর section 64 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জারীকৃত বাংলাদেশ ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ অনুযায়ী পণ্যের মোড়কজাতকরণের উদ্দেশ্যে আমি মোড়কজাতকারী হিসাবে নিবন্ধনের/নিবন্ধন নবায়নের জন্য আবেদন করিতেছি ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | আবেদনকারীর নাম | ঃ | |
| (খ) | ঠিকানা | ঃ | গ্রাম/মহল্লা ঃ<br>রাস্তা/ব্লক/সেক্টর ঃ<br>থানা ঃ<br>ডাকঘর ঃ<br>জেলা ঃ<br>পোস্টকোড ঃ |
| (গ) | টেলিফোন নম্বর (যদি থাকে) | ঃ | |
| (ঘ) | মোবাইল নম্বর | ঃ | |
| (ঙ) | জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | |
| (চ) | টিআইএন নম্বর | ঃ | |
| (ছ) | ট্রেড লাইসেন্স নম্বর | ঃ | |
| (জ) | আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক এক বা একাধিক পণ্য মোড়কজাত করার স্থানের পূর্ণ ঠিকানা | ঃ | |
| (ঞ) | আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক মোড়কজাতকৃত পণ্যের নাম | ঃ | |
| (ট) | মোড়কে ধারণকৃত পণ্যসামগ্রীর ওজন, পরিমাপ ও সংখ্যার বিবরণ | ঃ | |
| (ঠ) | মোড়কজাতকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ঃ | |

২। আমার/আমাদের অনুকূলে নিবন্ধন প্রদান করা হইলে উহা প্রাপ্তির সময়কাল হইতে আমি/আমরা নিবন্ধনের সকল শর্ত এতদ্‌সংক্রান্ত বাংলাদেশ ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ অনুযায়ী মানিয়া চলিব।

তারিখ ঃ

স্বাক্ষর

এর পক্ষে
(আবেদনকারী প্রতিষ্ঠানের নাম)

**বিঃ দ্রঃ**—আবেদনপত্রের সাথে মোড়কের ৫টি নমুনা সংযুক্ত করিতে হইবে, যাহাতে নিম্নবর্ণিত তথ্য থাকিতে হইবে, যথা ঃ—

১। মোড়কজাত পণ্যের সাধারণ বা শ্রেণীগত নাম ঃ

২। পণ্যের উৎপাদন ও মোড়কজাতকরণের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

৩। পণ্যের মেয়াদ উর্ত্তীণের তারিখ ঃ

৪। মোড়কজাত পণ্যের খুচরা মূল্য (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

৫। মোড়কজাত পণ্যের আকৃতি ও প্রকৃতির বিবরণ (তবে যে ক্ষেত্রে মোড়কজাত পণ্যের একেকটির আকৃতি ও প্রকৃতি ভিন্ন ভিন্ন সেক্ষেত্রে প্রতিটির আকৃতি ও প্রকৃতি) ঃ

## ফরম খ

### [বিধি ৩২ ও ৩৩ দ্রষ্টব্য]

### মোড়কজাতকারী প্রতিষ্ঠানের নিবন্ধন সনদপত্র

নিবন্ধন সনদপত্র নং–

১। Standards of Weights and Measures Ordinance, 1982 (Ordinance No.XII of 1982) এর Section 64 এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত বাংলাদেশ স্ট্যান্ডার্ড ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ এর ক্ষমতাবলে বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এতদ্বারা মেসার্স...................
..........................................................................................................
..........................................................................................অনুকূলে নিম্নবর্ণিত পণ্যের মোড়কজাতকরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পণ্য মোড়কজাতকারীর নিবন্ধন সনদপত্র প্রদান করিল।

পণ্যের নাম ঃ

(ক) ...................................................

(খ) ...................................................

(গ) ...................................................

২। সনদপত্রটি শুধুমাত্র উপরিউক্ত ঠিকানায় উল্লিখিত মোড়কজাতকারীর জন্য বৈধ হইবে।

৩। এই সনদপত্রের মেয়াদ.........................হইতে .........................পর্যন্ত বৈধ থাকিবে এবং বিদ্যমান নিয়মে নবায়ন করা যাইবে।

৪। মোড়কতাজকারীকে সনদপত্রের সকল শর্তাবলী মানিয়া চলিতে হইবে। যে কোন শর্ত পূরণে ব্যর্থ হইলে সনদপত্র বাতিল করা যাইবে।

.................................. সালের ...................তারিখে স্বাক্ষরিত ও সীলযুক্ত করা হলো।

বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশনের পক্ষে

(................................................)

সীল মোহর

**সনদপত্রের শর্তাবলী**

১। Standards of Weights and Measures Ordinance, 1982 (Ordinance No.XII of 1982) ও বাংলাদেশ স্ট্যান্ডার্ড ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ এর সংশ্লিষ্ট বিধানসমূহ অবশ্যই মানিয়া চলিতে হইবে।

২। এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন অথবা লঙ্ঘনে উৎসাহিত করা যাইবে না।

৩। এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন সম্পর্কে জানিতে পারিলে অনতিবিলম্বে পরিচালক (মেট্রোলজী) বিএসটিআই অথবা সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় আঞ্চলিক অফিসে রিপোর্ট করিতে হইবে।

৪। মোড়কজাতকারীকে সংশ্লিষ্ট ঠিকানায় প্রকাশ্য স্থানে সনদপত্র ঝুলাইয়া রাখিতে হইবে।

৫। বিএসটিআই কর্তৃক যে কোন সাধারণ বা বিশেষ নির্দেশ জারী করা হইলে উহা মানিয়া চলিতে হইবে।

৬। বিএসটিআই কর্তৃপক্ষ বা উহার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক এই সনদপত্র সমর্পণের অনুরোধ করিলে মোড়কজাতকারী উহা সমর্পণ করিতে বাধ্য থাকিবেন।

৭। উপরি-বর্ণিত শর্তের বিচ্যুতি ঘটিলে নিবন্ধন সনদপত্র স্থগিত অথবা বাতিলের ক্ষমতা বিএসটিআই এর থাকিবে।

৮। নিবন্ধন সনদপত্র কাহারও নিকট হস্তান্তর করা যাইবে না।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীম সারা খান**
উপ-সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd